গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের "ডিএনসি কর্মকর্তা কর্মচারীর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অধিদপ্তরকে শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পে ডিপিপি প্রণয়নে গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ আজিজুল ইসলাম,
অতিরিক্ত সচিব
তারিখ ও সময় : ০৫ অক্টোবর ২০২১ খ্রি:, বিকাল ০৩.০০ ঘটিকা।
সভার স্থান : জুম অনলাইন প্লাটফর্ম।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) জানান যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এ কর্মসম্পাদন সূচক ৪.২.৩ অনুযায়ী "ডিএনসি কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অধিদপ্তরকে শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি আগামী ৩১/০৫/২০২২ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী গত ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটিকে আগামী ৩১/১০/২০২১ তারিখের মধ্যে পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক ফিজিবিলিটি স্টাডি করে প্রকল্পের সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করে বই আকারে ডিপিপি প্রণয়ন করতে বলা হয়েছে।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

২.১ বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ ২য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক একটি প্রকল্প বর্তমানে চলমান। বর্ণিত প্রকল্পটি ডিএনসি কর্তৃক গৃহীত প্রকল্পের সমজাতীয় হওয়ায় প্রকল্প পরিচালক/ উপ প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ পূর্বক তথ্য সংগ্রহ করা যেতে পারে। এ দায়িত্ব সহকারী পরিচালক (প্রশাসন) পালন করবেন।

২.২ প্রকল্পে কি কি কনটেন্ট থাকবে তা চিহ্নিত করতে অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুজিবর রহমান পাটওয়ারী ও উপপরিচালক (অপারেশন্স) জনাব মোঃ আহসানুর রহমান কে ২৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন দিতে অনুরোধ করা হয়।

২.৩ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করে একটি খসড়া স্টাডি রিপোর্ট প্রস্তুত করে দাখিলের জন্য সুরক্ষা সেবা বিভাগের উপ সচিব জনাব আব্দুল্লাহ আল মামুন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক জনাব মোঃ ফজলুল রহমান ও অতিরিক্ত পরিচালক জনাব মোঃ জাহিদ হোসেন মোল্লা কে অনুরোধ করা হল।

২.৪ চলতি অক্টোবরের ২৮ তারিখে এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি নিয়ে একটি সভা করা যেতে পারে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১০/২০২১

(মোঃ আজিজুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক

২৯ আশ্বিন, ১৪২৮

নং-৪৪.০৪.০০০০.০০৬.০০.০৩১.১৫-৪১৬৭ তারিখঃ ----------------------

১৪ অক্টোবর, ২০২১

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। উপ সচিব, মাদক-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/সিলেট।

০৪। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫। উপপরিচালক (সকল) মদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। সহকারী পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৮। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯। অফিস কপি।

১৪/১০/২০২১

(মোহা: জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)